79

দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 NOV 1997
পৃষ্ঠা ৪ কলাম ৫

## সন্ত্রাসের জনপদ ফেনী

# গডফাদার এবার শিক্ষার্থীদের জন্য বরাদ্দকৃত গম ছিনিয়ে নিয়েছে

**জনকণ্ঠ রিপোর্ট**

ফেনীর গডফাদাররা এবার লুট করে নিয়ে গেছে কোমলমতি শিক্ষার্থীদের জন্য বরাদ্দকৃত গম। গত বুধবার ফেনী সদরের বালীগাঁও ইউনিয়নের মিয়াবাজার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটেছে। বিদ্যালয় কর্তৃপক্ষ থানা সদর থেকে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর ২৫ বস্তা গম শিক্ষার্থীদের মধ্যে বণ্টনের জন্য সেখানে নিয়ে যাওয়া মাত্রই সন্ত্রাসীরা বস্তাগুলো ছিনিয়ে নেয়। উল্লেখ্য যে, বালীগাঁও ইউনিয়ন পরিষদ অফসটি গত তিন মাস ধরে গডফাদারের সন্ত্রাসীদের দখলে রয়েছে। এ কারণে গত বৃহস্পতিবার উক্ত ইউনিয়নের দুস্থ মাতাদের গম বিতরণ করা হয়েছে থানা সদরে।

## ফেনীতে এবার ভিপি জয়নাল আতঙ্ক

**নিউজ মিডিয়া** ॥ সন্ত্রাসের জনপদ ফেনীতে আবার ভিপি জয়নাল আতঙ্ক শুরু হয়েছে। বিএনপি নেতা ভিপি জয়নাল আবেদীন সম্প্রতি একটি হত্যা মামলায় হাইকোর্ট থেকে জামিন নিয়ে ফেনীতে যাবার দু'দিনের মধ্যে ছাত্রলীগের একজন নেতা নিহত হয়েছে। ভিপি জয়নাল এক সময় জাসদের সাথে সম্পৃক্ত ছিলেন। জাসদ থেকে তিনি বিএনপিতে যোগদানের পর ফেনীতে একের পর এক হত্যাকাণ্ড হচ্ছে।

গত ১৪ মাসে ফেনীতে ১৪ জন আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগের কর্মী খুন হয়েছেন। ফেনী পরিণত হয়েছে হত্যা এবং সন্ত্রাসের জনপদে। শনিবার ফেনীতে টেলিফোন করার পর প্রশাসনিক এক কর্মকর্তা বলেন, ছাত্রলীগ নেতা সালাহউদ্দিনকে বিএনপি কর্মীরা হত্যা করার যাবতীয় আলামত পাওয়া গেছে। এ ব্যাপারে ভিপি জয়নালসহ ১৬ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। আইন সবার জন্য সমানভাবে প্রযোজ্য। সন্ত্রাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। এদিকে সালাহউদ্দিন হত্যাকাণ্ডকে ঘিরে ফেনীতে এখনও চরম উত্তেজনা বিরাজ করছে। যে কোন সময়ে

পরিস্থিতির অবনতি হতে পারে। ছাত্রলীগের নেতা-কর্মীরা ক্ষুব্ধ। আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর থেকে ফেনীতে একের পর এক ছাত্রলীগ-যুবলীগের কর্মীরা খুন হচ্ছে। স্থানীয় সাংসদ জয়নাল হাজারীর একটি ঘনিষ্ঠ সূত্র জানায়, সরকারের উচ্চ পর্যায়ের চাপের কারণে তাঁকে নীরব থাকতে হচ্ছে। ক্ষমতাসীন দল আইনের আশ্রয়ে অগ্রসর হচ্ছে।